কালের কণ্ঠ

28 MAR 2016
২ কলাম ৭

# প্রাথমিকে মেধাবৃত্তি বাড়ল

**নিজস্ব প্রতিবেদক ▷**

প্রাথমিক স্তরের মেধাবৃত্তির সংখ্যা বেড়েছে। একই সঙ্গে বেড়েছে বৃত্তির টাকার পরিমাণও। প্রাথমিক ও মাদ্রাসার ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার ফলের ভিত্তিতে এবার এক লাখের বেশি শিক্ষার্থী এই বৃত্তি পাচ্ছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী প্রাথমিকে ৮২ হাজার ৫০০ ও ইবতেদায়ি স্তরে ২৫ হাজার শিক্ষার্থীকে মেধাবৃত্তি দেওয়া হবে। গত বছরের তুলনায় বৃত্তির সংখ্যা বাড়ানো হয়েছে ৩৭ হাজার ৫০০টি। গত বছর পর্যন্ত প্রাথমিক শিক্ষা সমাপনীতে ৫৫ হাজার ও ইবতেদায়িতে ১৫ হাজার শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হতো।

গতকাল রবিবার প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত নীতিনির্ধারণী সভায় মেধাবৃত্তির সংখ্যা ও টাকার অঙ্ক বাড়ানোর সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়েছে। সভায় প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা নীতিমালা (সংশোধনী)-২০১৬ অনুমোদন করা হয়।

নতুন নীতিমালা অনুসারে আগের মতোই সাধারণ গ্রেডে বৃত্তি ইউনিয়ন-ওয়ার্ডভিত্তিক দেওয়া হবে। প্রতি ইউনিয়ন (মফস্বল) বা ওয়ার্ডে (শহর) তিনজন করে ছাত্র ও ছাত্রী এই বৃত্তি পাবে। আর আগের মতোই ট্যালেন্টপুলের ,বৃত্তি ছাত্রছাত্রীর সংখ্যা দিয়ে ভাগ করে উপজেলাভিত্তিক মেধাতালিকা অনুযায়ী দেওয়া হবে।